

উপজেলা আইন-শৃংখলা বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : নাজমুল হাসান নীরা
 ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর নেত্রকোণা।
 তারিখঃ : ০৩/০১/২০২২ খ্রি.
 সময় : বেলা ১০.৩০ ঘটিকা
 স্থান : উপজেলা পরিষদ হলরুল
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

১। সভাপতি উপজেলা আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। পঠিত কার্যবিবরণী সম্পর্কে কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে এজেন্ডাভিত্তিক নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
ক)	সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে সকলের নজরদারী এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	১। আইনশৃংখলা পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখাসহ জনগণের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সহিংসতা, নাশকতা, সন্ত্রাস, জঙ্গীবাদ প্রতিরোধে সতর্কতা অবলম্বন পূর্বক আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীসহ জনপ্রতিনিধি, গন্যমান্য ব্যক্তি, সুধীজন, শিড়াক-শিড়িকা, যুব সমাজ, ছাত্র সচেতন করা।	সংশ্লিষ্ট সকল
খ)	সাধারণ জনগণ ও সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করণ	সাধারণ জনগণ ও সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেরা যেন নিবিঘ্নে জীবন যাপন করতে পারে এবং তাদের মধ্যে যেন কোন প্রতিবন্ধকতা না থাকে তা নিশ্চিত করণের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।	১। অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা ২। উপজেলা আনসার ভিডিপি অফিসার ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান
গ)	সন্ত্রাস ও নাশকতা বিষয়ক বিভিন্ন কমিটি সক্রিয় করণ	সার্বিক আইনশৃংখলা রক্ষার্থে উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড কমিটিকে “সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি” এর সভা নিয়মিতভাবে করতে হবে এবং কমিটির কার্যক্রম জোরদার করতে হবে। এ বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর ৩। মেয়র, দুর্গাপুর পৌরসভা ২। অফিসার ইনচার্জ, দুর্গাপুর থানা ৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান

সভায় আর কোন আলোচনা না থাকায় সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিহত করতে স্ব-স্ব অবস্থান থেকে যথাযথ দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে ও সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নাজমুল হাসান নীরা)

সভাপতি

উপজেলা আইন শৃংখলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দুর্গাপুর, নেত্রকোণা